THE DAILY STAR

তারিখ ... JAN 17 1999 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২ ......

# রেজিস্ট্রারের কার্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া-ঝিনাইদহ

# ভর্তি বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষ ১৯৯৮-৯৯

স্মারক নং ঃ ০২/শিক্ষা/ইবি-৯৯/১৫৫৭ তারিখঃ১২/০১/৯৯ইং

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদভুক্ত বিভাগ সমূহে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদভুক্ত আল-কুরআন এন্ড ইসলামিক ষ্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক ষ্টাডিজ, আল-হাদীস এন্ড ইসলামিক ষ্টাডিজ বিভাগ; মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত অর্থনীতি, রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন, আরবী ভাষা ও সাহিত্য, বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজী ভাষা ও সাহিত্য, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ; ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা বিভাগ; আইন ও শরীয়াহ অনুষদভুক্ত আইন ও মুসলিম বিধান বিভাগ; এবং ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদভুক্ত ইলেক্ট্রনিক ও ফলিত পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি, ফলিত গণিত ও কম্পিউটার বিজ্ঞান, ইনফরমেশন সায়েন্স এন্ড টেকনোলজি, ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান এবং বাইওটেকনোলজি বিভাগসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ

১৯৯৭ ও ১৯৯৮ সালের উচ্চ মাধ্যমিক/সমমানের (আলিম ও ডিপ্লোমা-ইন-কমার্স) ও ১৯৯৮ সনের ফাজিল পরীক্ষায় যে সব ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছে কেবল মাত্র তারাই নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিভিন্ন অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য আবেদন করতে পারবে। মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান ও ফাজিল যে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ থাকলে ভর্তির জন্য আবেদন করতে পারবে না।

শর্তসমূহঃ

ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের দাখিল/সমমান ও আলিম/সমমান উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ থাকতে হবে। মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ এবং আইন ও শরীয়াহ অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু বিজ্ঞান শাখার ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখার ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগসহ সর্বমোট ন্যূনতম ১১০০ নম্বর থাকতে হবে। বিজ্ঞান শাখা ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা ছাড়া অন্যান্য শাখার (মানবিক, বাণিজ্য ইত্যাদি) ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগসহ সর্বমোট ন্যূনতম ১০০০ নম্বর থাকতে হবে। আরবী ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের দাখিল/সমমান ও আলিম ও সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকতে হবে। ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগসহ ন্যূনতম ১১০০ নম্বর থাকতে হবে।

২। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার নিয়মাবলীঃ

(ক) ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীগণ ভর্তির প্রাথমিক আবেদনপত্র ও ভর্তি নির্দেশিকা ১৫ই ফেব্রুয়ারী ৯৯ হতে ১৪ই মার্চ ৯৯ পর্যন্ত অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, অগ্রণী ব্যাংক, থানাপাড়া শাখা, কুষ্টিয়া এবং অগ্রণী ব্যাংক, ঝিনাইদহ শাখায় নগদ ৭৫/= (পঁচাত্তর) টাকা জমা দিয়ে ব্যাংকে অবস্থিত সংশ্লিষ্ট কাউন্টার থেকে সংগ্রহ করতে পারবে এবং ১৫ই মার্চ ৯৯ইং তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে। একাধিক বিভাগে ভর্তির জন্য আবেদন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের প্রত্যেক বিভাগের জন্য পৃথকভাবে আবেদনপত্র সংগ্রহ ও জমা দিতে হবে। প্রাথমিক আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার সময় সদ্যতোলা পাসপোর্ট আকারের দু'কপি সত্যায়িত ছবি এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান ও ফাজিল (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার নম্বর পত্র ও সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। আবেদনপত্র জমা দেয়ার সময় সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় পরীক্ষা কমিটির অফিস থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

(খ) ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

উপ-রেজিস্ট্রার (শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।